

সম্পত্তি মালিকদের বুলেটিন - জুন 2021

প্রিয় সম্পত্তি মালিকরা,

আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (Department of Housing Preservation and Development, HPD) নিউ ইয়র্ক সিটি হাউজিং রক্ষণাবেক্ষণ কোড, নিউইয়র্ক স্টেটের একাধিক আবাসন আইন এবং অন্যান্য প্রাসঙ্গিক শহরের কোড মেনে চলার জন্য আবাসিক বিল্ডিংয়ের মালিকদের জন্য পর্যায়ক্রমিকভাবে নতুন আইন এবং উপলভ্য উপকরণ এবং সংস্থান সম্পর্কিত তথ্য সরবরাহ করে। অন্যান্য ভাষায় এই বুলেটিনটি (এবং অতীতের বুলেটিন) পড়তে [HPD ওয়েবসাইটে](#) যান।

এই প্রকাশনার তথ্যগত উদ্দেশ্যে শুধুমাত্র বোঝানোর জন্য রয়েছে এবং আইনী পরামর্শ হিসাবে উদ্দিষ্ট নয়। এই তথ্যটি নিউ ইয়র্ক সিটির আবাসন আইন ও নিয়ম সম্পর্কিত মালিক এবং ভাড়াটেদের সমস্ত দায়িত্বের সম্পূর্ণ বা চূড়ান্ত বিবৃতি নয়।

সীমা-আধারিত রঙ বিষয়ে পালনগুলি সংক্রান্ত নতুন প্রয়োজনীয়তাগুলি সহ সম্পত্তি নিবন্ধন পরিবর্তনগুলি

বার্ষিক সম্পত্তির নিবন্ধন শুরু হয়েছে। যেসব সম্পত্তির মালিক/এজেন্টগণ HPD-কে তাদের ইমেল ঠিকানা জানিয়েছিলেন বর্তমান নিবন্ধনে, তারা প্রপার্টি রেজিস্ট্রেশন অনলাইন সিস্টেম (Property Registration Online System, PROS) -এ লভ্য সংশোধিত নিবন্ধন ফর্ম সম্পর্কে ইমেল বিজ্ঞপ্তি পেয়ে থাকবেন এই সপ্তাহের শুরুতে। মনে রাখবেন এই ফর্ম মুদ্রণ করা যাবে 8 ½ X 11 আকারে। আমরা আপনাদের সবাইকে দৃঢ়ভাবে উৎসাহিত করব যাতে আপনারা PROS ব্যবহার করে আপনাদের ফর্মটি পান। কোনো উপযুক্ত পরিবর্তন করতে ভুলবেন না, সেটিকে স্বাক্ষর করুন এবং ফর্মে তারিখ লিখুন আর সেটি ডাকযোগে HPD-র কাছে পাঠিয়ে দিন, যেমন ফর্মে নির্দেশ দেওয়া হয়েছে; পেমেন্ট সরাসরি পাঠাতে হবে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স (Department of Finance, DOF)-এর কাছে। আপনার উচিত নতুন পেমেন্ট ফর্মটি ব্যবহার করা যা এখন অন্তর্ভুক্ত করা হয়েছে আপনার মুদ্রিত ফর্মের সাথে, যাতে নিশ্চিত করা যায় যে আপনার পেমেন্ট সঠিকভাবে প্রসেস করা হয়।

মনে রাখবেন নিবন্ধন ফর্মে একটি পরিবর্তন করা হয়েছে সেইসব সম্পত্তির জন্য যা 1960 সালের আগে নির্মিত হয়েছে। এই সম্পত্তিগুলির জন্য নিবন্ধন ফর্ম অন্তর্ভুক্ত করে একটি বিভাগ, যেখানে আছে 2004 সালের স্থানীয় আইন 1, দ্য নিউ ইয়র্ক সিটি চাইল্ডহুড লেড পয়েজনিং প্রিভেনশন অ্যাক্ট-এর প্রয়োজনীয়তাগুলি পালন করা বিষয়ে তথ্য। এই আইনের প্রয়োজনীয়তাগুলি বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য, আপনি আমাদের [সীমা-আধারিত রঙ ওয়েবপেজ-এ](#) দেখতে

পারেন, অথবা নিবন্ধন প্রক্রিয়ার সময়, নির্দিষ্ট প্রয়োজনীয়তা বিষয়ে তথ্যের জন্য প্রদত্ত লিংকগুলিতে ক্লিক করুন। যদি আপনি বর্তমানে এই প্রয়োজনীয়তগুলি পালন না করেন, তবে আমরা আপনাকে অত্যন্ত দৃঢ়ভাবে উৎসাহিত করবে যাতে আপনারা প্রতিটি বিষয়ে আমাদের ওয়েবিনারগুলি দেখেন (ওয়েবপেজে এডুকেশন বিভাগটি দেখুন), যাতে আপনারা অবিলম্বে সেটি পালন করতে পারেন। **2004 সালের স্থানীয় আইন 1 পালন করতে না পারলে উল্লেখযোগ্য শাস্তি পেতে হতে পারে।**

যদি আপনাকে এই নতুন অংশটি পূরণ করতে বলা হয়, কিন্তু আপনার বিল্ডিংটি হল : 1) 1 জানুয়ারি 1960-এর পরে নির্মিত বা 2) 1960 - 1978-এর মধ্য নির্মিত এবং সম্পত্তিকে কখনই পরীক্ষিত সীসা-আধারিত রঙ লঙ্ঘন (অর্ডার #617) জারি করা হয় নি HPD দ্বারা অথবা ডিপার্টমেন্ট অফ হেল্থ অন্ড মেন্টাল হাইজিন (Department of Health and Mental Hygiene, DOHMH) দ্বারা কমিশনারস অর্ডার টু অ্যাভেট (Commissioner's Order to Abate, COTA) জারী করা হয় নি এবং আপনার কাছে সম্পত্তিতে করা সীসা-আধারিত রঙ সম্পর্কে কোনো তথ্য জ্ঞাত নেই; অথবা 3) একটি আইন অনুযায়ী 1 বা 2 আবাসিক ইউনিট এবং কোনো ইউনিটেই ভাড়া নেই, তাহলে HPD-কে জানান বিল্ডিংয়ের ঠিকানা, বরো, এবং সঠিক তথ্য যে বছরে সেটি তৈরি হয়েছে অথবা কতগুলি ইউনিট আছে codevios@hpd.nyc.gov ঠিকানায় যাতে HPD তাদের রেকর্ড সেইমতো আপডেট করে নিতে পারে। আপনি আপনার অনুরোধের সাথে সমর্থনকারী নথিপত্র জমা দিতে পারবেন, যেমন সার্টিফিকেট অফ অকুপেন্সি। **যদি আপনার বিল্ডিংটি 1960 সালের আগে নির্মিত হয় এবং তার একটি বড়সড় মেরামতি হয়ে থাকে, তাহলেও আপনি স্থানীয় আইন 1 পালনের আওতায় পড়বেন যদি না সমগ্র বিল্ডিংয়ের জন্য আপনাকে একটি ছাড় HPD দ্বারা জারি করে থাকে।**

বিপর্যয় মোকাবিলার সাইনবোর্ডগুলি

চব্বিশ ঘন্টারও বেশি সময় ধরে চলবে বলে প্রত্যাশিত আবহাওয়া আপৎকালীন অবস্থা, প্রাকৃতিক দুর্যোগের ঘটনা বা কোনও ইউটিলিটি আউটেজ ঘটবে বলে আগে থেকে জানানোর পূর্বে, একটি আবাসনের মালিক, যেখানে কমপক্ষে একটি আবাসনের ইউনিটে তিনি নিজে থাকেন না, এই ধরনের মালিক দ্বারা আবাসিক আবাসনের সাধারণ জায়গাগুলিতে পর্যাপ্ত আকারে বিজ্ঞপ্তি হিসাবে নিম্নলিখিত তথ্য পোস্ট করতে হবে: (i) বিল্ডিংটি অফিস অফ এমার্জেন্সি ম্যানেজমেন্ট দ্বারা নির্ধারিত হারিকেন ইন্ডাকুয়েশন অঞ্চলে অবস্থিত কিনা এবং যদি প্রযোজ্য হয়, তবে কোন জোনে বিল্ডিংটি অবস্থিত; (ii) নিকটতম নির্ধারিত ইন্ডাকুয়েশন কেন্দ্রের ঠিকানা; (iii) কখন কোনও ব্যক্তির আবহাওয়া জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগের ঘটনা বা ইউটিলিটি আউটেজে 911 এবং 311 এর সাথে যোগাযোগ করা উচিত; (iv) ইউটিলিটি আউটেজের সময় কখন পানীয় জল, করিডোর, প্রস্থান এবং সাধারণ অঞ্চল আলো, আগুন থেকে নিরাপত্তা ও সুরক্ষা, লিফট, সেলুলার টেলিফোনের জন্য চার্জিংয়ের স্থান, ঘরের গরম পানি, বা তাপ এবং শীতলকরণের পরিষেবাগুলি সরবরাহ করা হবে; (v) আপৎকালীন অবস্থায় বিল্ডিংয়ের কর্মরত ব্যক্তিদের সাথে যোগাযোগের জন্য তথ্য, যাতে অন্তর্ভুক্ত হবে ইমেল ঠিকানা, ফোন নম্বর এবং যোগাযোগের অন্যান্য পদ্ধতিগুলির তথ্য; (vi) উচ্চ বেগে বাতাস বওয়ার সময় ছাদ এবং বারান্দাগুলি থেকে আসবাব সরিয়ে নেওয়ার নির্দেশাবলী এবং; (vii) ইউটিলিটি আউটেজের সময় পাম্প ব্যবহার করে এমন বিল্ডিংগুলির জন্য, পানির ব্যবহার হ্রাস করার জন্য নির্দেশাবলী। এই প্রকার বিজ্ঞপ্তি আপডেট করতে হবে আবাসিক বিল্ডিংয়ের মালিককে, প্রয়োজনমতো এবং আবহাওয়ার জরুরি পরিস্থিতি

বা প্রাকৃতিক দুর্যোগ চলে যাওয়ার পর অথবা ইউটিলিটি পরিষেবার পুনঃস্থাপনের পরে সরিয়ে ফেলতে হবে। এই অবিজ্ঞপ্তির একটি নমুনা পাওয়া যাবে [এখানে](#)।

নিউ ইয়র্ক স্টেট এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (Emergency Rental Assistance Program, ERAP)

1 জুন 2021 তারিখে প্রোগ্রাম খোলা আছে। বর্তমানে আবেদন গ্রহণ করা হচ্ছে

নিউ ইয়র্ক স্টেট এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (Emergency Rental Assistance Program, ERAP)-এর মাধ্যমে উল্লেখযোগ্য আর্থিক সহায়তা করা হচ্ছে সেইসব স্বল্প এবং মাঝারি আয় পরিবারগুলিকে যাদের ক্ষেত্রে ঝুঁকি আছে গৃহহীনতা বা গৃহ হারানোর, আর এই প্রকল্পে প্রদান করা হচ্ছে বকেয়া ভাড়া, সাময়িক ভাড়া সহায়তা এবং বকেয়া ইউটিলিটি বিল প্রদানে সহায়তা।

বাড়িওয়ালা এবং ভাড়াটে, উভয়ই এতে আবেদন করতে পারেন - পেমেন্ট করা হবে বাড়িওয়ালাকে, এবং ভাড়াটেকারের জানিয়ে দেওয়া হবে, তাদের পক্ষ থেকে কোনো পেমেন্ট করা হলে।

যে পরিবারগুলির ক্ষেত্রে ERAP অনুমোদিত হয়েছে তারা পেতে পারে:

- 13 মার্চ 2020 তারিখে বা তার পরে জমা হওয়া বকেয়া ভাড়ায় 12 মাস পর্যন্ত **বকেয়া ভাড়ার পেমেন্ট** পেতে পারেন।
- 3 মাস পর্যন্ত **অতিরিক্ত ভাড়া সহায়তা** পেতে পারেন, যদি পরিবারটি তাদের মোট মাসিক আয়ের 30 শতাংশ বা তার বেশি ভাড়ার জন্য ব্যয় করে।
- 13 মার্চ 2020 তারিখে বা তার পরে জমা হওয়া বকেয়ার উপর 12 মাস পর্যন্ত বিদ্যুৎ বা গ্যাসের **বকেয়া ইউটিলিটি পেমেন্ট** পেতে পারেন।

কীভাবে আবেদন করবেন সেই বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য, এবং আপনি বা আপনার ভাড়াটেরা তার জন্য যোগ্য কিনা তা জানতে, দেখুন otda.ny.gov/erap ওয়েবসাইটটি। এছাড়াও কমিউনিটি আধারিত সংগঠন আছে যারা পাঁচটি বরো জুড়ে নিউ ইয়র্ক বাসীদের সাহায্য করেন আবেদন করতে, তাদের তালিকা পাওয়া যাবে nyc.gov/erap ওয়েবসাইটে।

নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে আমাদের সাথে কাজ করুন

প্রয়োজনে নিউ ইয়র্কবাসীদের সাহায্য দেওয়ার সময় নিউ ইয়র্ক সিটির বাড়ির মালিকদের শূন্য পদ পূরণ করার এবং তাদের পরিচালিত আয় বাড়ানোর সুযোগ রয়েছে। সমাজসেবা বিভাগ (Department of Social Services, DSS) আশ্রয় ব্যবস্থা থেকে বেরিয়ে আসা পরিবারকে সিটি দ্বারা অর্থায়িত ভাড়ার ভর্তুকি দেবে। এই পরিবার এবং ব্যক্তিদের জন্য ভাড়ার ভর্তুকি রয়েছে যা ভাড়া এবং তারা নিজেসই যা দিতে পারবে তার মধ্যে পার্থক্য তৈরি করে। সিটি যোগ্য ক্লায়েন্টদের পক্ষে দালালের ফিও, কিছু ক্ষেত্রে, ইউনিট সনাক্তকরণের জন্য বাড়ির মালিককে বোনাসও দিতে পারে।

এই চ্যালেঞ্জিং অর্থনৈতিক সময়ে, DSS ক্লায়েন্টদের ভাড়া নেওয়া বাড়ির মালিকদের ভাড়ার আয় স্থির রাখতে সাহায্য করতে পারে। যেহেতু সিটি ভাড়ার বেশিরভাগ অংশ পরিশোধ করছে, এবং ভাড়াটীদের আয় কমে গেলে সেই ভাগ বাড়তে পারে, সিটি ভাড়া ভর্তুকি বাড়ির মালিককে যে জানলায় গার্ড ছিল না এবং প্রাণনাশক নয় এমন জখমে ভুগেছে।

সিটি ভাড়া ভর্তুকি সম্পর্কে আরও তথ্য এখানে পাওয়া যাবে:

<https://www1.nyc.gov/assets/hra/downloads/pdf/rent-subsidy-flyer.pdf>।

যদি ভাড়া দেওয়ার জন্য আপনার কোনও অ্যাপার্টমেন্ট থাকে, অনুগ্রহ করে পাবলিক এনগেজমেন্ট ইউনিটের হোম সাপোর্ট লাইন 929-221-0047-এ কল করুন বা অনলাইনে ফর্মটি পূরণ করুন এখানে

<http://nyc.gov/homesupportunit>।

বয়লার ইন্সপেকশন: ডিপার্টমেন্ট অফ বিল্ডিং (Department of Building, DOB)

ডিপার্টমেন্ট অফ বিল্ডিং-এর বয়লার ইউনিট তত্ত্বাবধান করে নিউ ইয়র্ক সিটি-র বয়লার স্থাপন ও চালানো এবং ফুয়েল তেল সংরক্ষণাগারগুলিকে। সম্পত্তির মালিকদের দায়িত্ব হল যে, তারা নিশ্চিত করবে তাদের বয়লারগুলি নিরাপদভাবে চালানো হবে এবং সেগুলি বিল্ডিং কোড ও অন্যান্য সংশ্লিষ্ট আইন মোতাবেক চালানো হবে। প্রতি বছর অক্টোবর ও মে মাসের মধ্যে যথেষ্ট পরিমাণ তাপ উৎপাদন করতে না পারলে HPD লঙ্ঘন হতে পারে, ইন্সপেকশন ফী, সিভিল জরিমানা ধার্য হতে পারে এবং/অথবা HPD-র হিট সেক্সর প্রোগ্রামে অন্তর্ভুক্ত হতে পারে। আমরা দৃঢ়ভাবে আপনাদের উৎসাহিত করব যে, আপনাদের ইন্সপেকশন যেন প্রয়োজনমতো বার্ষিক ভিত্তিতে করা হয় এবং আপনার বয়লার রক্ষণাবেক্ষণ করা হয় উৎপাদনকারীর নির্দেশ অনুযায়ী, যাতে প্রয়োজনমতো যথেষ্ট পরিমাণে তাপ উৎপাদন করা যায়।

বয়লার ইন্সপেকশন সাইকেল - 1 জানুয়ারি থেকে 31 ডিসেম্বর। এই সাইকেলে লো প্রেশার বয়লার এবং হাই প্রেশার বয়লার-এর ভিতরে ও বাইরে ইন্সপেকশনগুলি করে ফাইল করতে হবে ডিপার্টমেন্টের কাছে।

- [হাই প্রেশার বয়লার ইন্সপেকশনগুলি](#)
- [লো প্রেশার বয়লার ইন্সপেকশনগুলি](#)
- [প্রথম পরীক্ষার অ্যাপয়েন্টমেন্টগুলি](#)
- [ফী ও পেনাল্টি ফাইল করা](#)
- [বকেয়া DOB বয়লার লঙ্ঘনগুলি ক্লোজ করা](#)

বয়লার ডিভিশনের সাথে যোগাযোগ করুন:

Boiler Division Customer Service Window

280 Broadway, 1st Floor

New York, NY 10007

সময়: সকাল 8:30 টা থেকে দুপুর 2:00 টা (সোমবার - শুক্রবার)

বয়লার ডিভিশন হটলাইন (নন-টেকনিকাল প্রশ্নের জন্য)

(212) 393-2661 বা www.nyc.gov/dobhelp

সময়: সকাল 8:30 টা থেকে বিকাল 4:00 টা (সোমবার - শুক্রবার)

বয়লার লঙ্ঘন সংক্রান্ত যে সাধারণ প্রশ্নগুলি মানুষের থাকে তার উত্তর জানতে পড়ুন DOB-র [সাধারণত জিজ্ঞাসিত প্রশ্নগুলি](#)

বয়লার টেকনিকাল ইউনিট (প্রথম পরীক্ষার অ্যাপয়েন্টমেন্ট বা অন্যান্য টেকনিকাল বয়লার সংক্রান্ত প্রশ্নগুলি বা সমস্যার জন্য)

(212) 393-2784

সময়: সকাল 8:30 টা থেকে দুপুর 3:30 টা। (সোমবার-শুক্রবার)

নন-টেকনিকাল প্রশ্নগুলির জন্য: www.nyc.gov/dobhelp

টেকনিকাল প্রশ্নগুলির জন্য: BoilerTechnical@buildings.nyc.gov

যোগাযোগের অতিরিক্ত তথ্য:

DEP বয়লার রেজিস্ট্রেশন পুনর্নবিকরণ

(718) 595-3855

বয়লার সংক্রান্ত অভিযোগগুলি

[311 অনলাইন](#) দেখুন অথবা 311 ফোন করুন